

## ফতওয়া নং ৩০৭

### প্রশ্ন:

ফেতরার টাকা রাজনিতির পাটিতে পাটি অফিসে তোলা যায়েজ কত টুকু জানাবেন

### উত্তর:

যাকাত-ফিতরার টাকা বিনা শর্তে, বিনা স্বার্থে, শরয়ী বিচারে যাকাত খাওয়ার উপযোগী গরীব মিসকীনকে প্রদান করা যাকাত ফিতরা আদায় হওয়ার পূর্বশর্ত। কোনো জামাত বা সংগঠনকে দেওয়ার দ্বারা ঐ শর্ত পূর্ণ হয় না। তাই এ দ্বারা যাকাত-ফিতরা আদায় হবে না। ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিতঃ নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মু'আয (রাঃ)-কে ইয়ামান দেশে (শাসক হিসেবে) প্রেরণ করেন। অতঃপর বললেন, সেখানকার অধিবাসীদেরকে এ সাক্ষ্য দানের প্রতি আহ্বান করবে যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন উপাস্য নেই এবং আমি আল্লাহর রসূল। যদি তারা তা মেনে নেয় তবে তাদেরকে অবগত কর যে, আল্লাহ তা'আলা তাদের উপর প্রতি দিনে ও রাতে পাঁচ ওয়াক্ত নামায ফরয করেছেন। যদি সেটাও তারা মেনে নেয় তবে তাদেরকে অবগত কর যে, আল্লাহ তা'আলা তাদের উপর তাদের সম্পদের মধ্য থেকে সদকা (যাকাত) ফরয করেছেন। যেটা ধনীদের নিকট থেকে গৃহীত হবে আর দরিদ্রদের মাঝে প্রদান করা হবে। (সহীহ বুখারী, হাদীস নং ১৩৯৫ )

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।  
০৭ রমাযান, ১৪৪৫ হিজরী (18/03/2024)